



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং : ময়মিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৯৭

তারিখঃ ০৪/১০/২০২২খ্রিঃ।

বিষয়: ২০২২ সনের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অন্যান্য সরঞ্জামাদি কেন্দ্রে সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২২ সনের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্রের অনুকূলে বরাদ্দকৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও MCQ এর OMR সহ অন্যান্য আনুসঙ্গিক সরঞ্জামাদি নিম্নের ছকে লিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। নির্ধারিত তারিখ সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.০০ টার মধ্যে উল্লিখিত সরঞ্জামাদি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ ও দিন	জেলা সমূহ	তারিখ ও দিন	জেলা সমূহ
১২/১০/২০২২ (বুধবার)	শেরপুর	১৫/১০/২০২২ (শনিবার)	জামালপুর
১৩/১০/২০২২ (বৃহস্পতিবার)	নেত্রকোণা	১৬/১০/২০২২ (রবিবার)	ময়মনসিংহ (সদর, মুক্তাগাছা, ত্রিশাল, ভালুকা, গফরগাঁও এর সকল কেন্দ্র)
		১৭/১০/২০২২ (সোমবার)	ময়মনসিংহ (গৌরীপুর, নান্দাইল, ঈশ্বরগঞ্জ, ফুলপুর, তারাকান্দা, ফুলবাড়ীয়া, হালুয়াঘাট, ধোবাউড়া এর সকল কেন্দ্র)

উপরোল্লিখিত তারিখে সরঞ্জামাদি ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতিত অফিস সহকারী অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবেনা। ফরমপূরণের বিজ্ঞপ্তির ১৮(গ) অনুচ্ছেদ মোতাবেক “বোর্ড অফিস হতে অলিখিত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে”।


উল্লেখ্য যে, মালামাল গ্রহণের আবেদনের সাথে কেন্দ্র নবায়ন ফি (=৩০০০/-) জমা দেয়ার সোনালী সেবার রশিদ দাখিল করতে হবে। ব্যবহারিক পরীক্ষা শেষে উদ্বৃত্ত অলিখিত উত্তরপত্র ও অব্যবহৃত প্রশ্নপত্রসহ সকল মালামাল এক সপ্তাহের মধ্যে জমা দিতে হবে।

বি.দ্র: মালামাল গ্রহণের ট্রাকের পাটাতনের জন্য মোটা পলিথিন ও উপরে বৃষ্টিনিরোধক ত্রিগল অবশ্যই থাকতে হবে। অন্যথায় পরীক্ষা সামগ্রী প্রদান করা হবে না।

প্রাপক:

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা-
২০২২ এর সকল পরীক্ষা কেন্দ্র।


(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২

E-mail: conbisemym@gmail.com

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ/ জামালপুর/ শেরপুর/ নেত্রকোণা।
২. উপপরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. অফিস কপি।